

সাধনচন্দ্র মহাবিদ্যালয়

হরিণডাঙা, দক্ষিণ ২৪ পরগনা, ৭৪৩৫০৪

বিএ অনার্স ও জেনারেল ২০১৯-২০ অ্যাডমিশন নোটিস-৭

২৫-০৬-২০১৯

ষষ্ঠ শর্তাধীন মেধা তালিকা প্রকাশিত হল। তালিকায় যে সমস্ত ছাত্রছাত্রীদের নাম এসেছে, তাদের ২৬ জুন (বুধবার) ২০১৯ (অনলাইন পেমেণ্টের ক্ষেত্রে রাত ১১টা ৫৯ মিনিট অবধি)-এর মধ্যে ভর্তি হতে হবে। এই তালিকায় যাদের নাম আসেনি, তারা পরবর্তী মেধা তালিকার অপেক্ষা করতে পারেন। আসন ফাঁকা থাকলে আগামী ২৭ জুন ২০১৯ (বৃহস্পতিবার) সপ্তম শর্তাধীন মেধা তালিকা প্রকাশিত হবে।

জরুরি তথ্য

- ক্লাস শুরু না হওয়া পর্যন্ত আবেদনকারী বা ভর্তি হওয়া ছাত্রছাত্রীদের কাউন্সেলিং বা ভেরিফিকেশন সংক্রান্ত কাজের জন্য কলেজে আসার প্রয়োজন নেই।
- মেধা তালিকায় নাম এলে কলেজ কর্তৃপক্ষের তরফে আবেদনকারীদের ই-মেল বা এসএমএস পাঠিয়ে তা জানানো হবে।
- ভর্তির টাকা মহাবিদ্যালয়ের পোর্টালে অনলাইনে বা ব্যাঙ্ক অফ ইন্ডিয়া হরিণডাঙা শাখায় গিয়ে ব্যাঙ্ক চালানের মাধ্যমে জমা করতে হবে।
- ক্লাস শুরু হলে ছাত্রছাত্রীদের সমস্ত নথি যাচাই করা হবে।

ভর্তি হওয়ার পরে যদি কোনও ছাত্র/ছাত্রীর অনলাইনে প্রদত্ত তথ্য/নথিতে গোলমাল ধরা পড়ে, সে ক্ষেত্রে তার ভর্তি বাতিল করা হবে।

ভর্তি সংক্রান্ত যাবতীয় নোটিসের জন্য আবেদনকারীদের গোটা ভর্তি প্রক্রিয়া পূর্বে কলেজের ওয়েবসাইটে নিয়মিত নজর রাখতে বলা হচ্ছে। এসএমএস বা ই-মেল না পাওয়াকে নির্দিষ্ট সময়ে ভর্তি না হতে পারার যুক্তি হিসেবে বিবেচনা করা হবে না।

আবেদনকারী হলেই তার ভর্তি হওয়ার দাবি জানানোর অধিকার থাকবে না। ভর্তি হবে অনলাইনে, মেধার ভিত্তিতে, সংরক্ষণের শর্ত মেনে এবং আসন সংখ্যা অনুযায়ী।